দৈনিক বাংলা

তারিখ 26 JUN 1988
পৃষ্ঠা 5 কলাম 3

বাংলাদেশ বিজ্ঞান ও প্রযুক্তি ডকুমেন্টেশন কেন্দ্র

050

—সুরভি রহমান,
১২০, শাহজাহানপুর, ঢাকা।

## বাতিল পরীক্ষা পুনঃ গ্রহণের ব্যবস্থা হোক

রাউজান উপজেলার কলেজ কেন্দ্রে ভন্ডুল হয়ে যাওয়া ইংরেজী ২য় পত্রের পরীক্ষা যথাসময়ে কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষ গ্রহণ করবেন বলে স্থানীয় সংবাদপত্র ও বেতার মারফত প্রতিদিন প্রচারিত হয়। কিন্তু দুই মাস অতিক্রান্ত হওয়ার পরও সে পরীক্ষা পুনঃ গ্রহণের কোন উদ্যোগ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড অদ্যাবধি গ্রহণ করছেন না। ফলে পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র/ছাত্রীরা হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। পিতা-মাতা ও অভিভাবকগণ উদ্বেগ ও উৎকন্ঠার মধ্যে আছেন। কারণ মাত্র মাসখানেক পরে এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের সময়। পরীক্ষা ভন্ডুলের জন্য যারা ইংরেজী ২য় পত্র পরীক্ষা শেষ করতে পারেনি তারা নির্দোষ। অথচ অন্যের অপরাধের জন্য তাদের মাশুল দিতে হচ্ছে। ছাত্র/ছাত্রীদের পিতৃসম স্কুলের শিক্ষকগণও এই ঘটনার বিরুদ্ধে সোচ্চার হয়ে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের কাছে আজ পর্যন্ত কোন আবেদন রাখছেন না পুনঃ পরীক্ষা গ্রহণের জন্য। এটা দুঃখজনক। এ সকল ছাত্রছাত্রীর শিক্ষা জীবন এভাবে অন্ধকারাচ্ছন্ন হয়ে পড়বে এটা কিছুতেই মেনে নেয়া যায় না।

এ ব্যাপারে দেশের বুদ্ধিজীবী, শিক্ষাবিদ ও দেশ নেতাদের কিছু করার একটা দায়িত্ব আছে বলে মনে করি। এ দায়িত্ব পালনে তারা সচেষ্ট হবেন এটাই তাদের কাছে প্রত্যাশা।

পরিশেষে কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের শ্রদ্ধেয় চেয়ারম্যান, বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় শিক্ষামন্ত্রী ও শ্রদ্ধেয় শিক্ষা সচিবের কাছে আমাদের আকুল আবেদন, রাউজান কলেজ কেন্দ্রের পরীক্ষার্থীদের ভন্ডুল হয়ে যাওয়া মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার ইরেজী ২য় পত্রের পরীক্ষা পুনঃ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নিয়ে তাদের এবং তাদের অসহায় পিতামাতা ও অভিভাবকদের দুশ্চিন্তা ও সংকট মুক্ত করুন।

শাহ গোলাম আহমদ
৫৯, আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা,
চট্টগ্রাম।